

# নিদ্রা যেও না

আজাদ আলম

ঝরা পাতার প্রহর শেষে, বসন্ত বনের নির্যাসে জিব রেখেছি  
ঘুমের গান গাইবেনা তুমি  
চৈতী মেলার বসন খুলে নতুন দিনের পাদমূলে দীপ জ্বলেছি  
নীলাভ চোখে চাইবেনা তুমি,  
অনেক প্রখর রৌদ্র শুষে, বর্ষা জলে হেসে হেসে খুব ভিজেছি  
চোখের পাতা ফেলবেনা তুমি  
বিজলিভরা শ্রাবণ ঠেলে আশ্বিনের শাপলা বিলে ডুব দিয়েছি  
অধীর আঁখি মেলবেনা তুমি  
শিব দুর্গার মিলন দেখে হেমন্ত হাওয়ায় স্বপ্ন ঐকে গান ধরেছি  
তন্দ্রা-মনে রইবেনা তুমি।  
ধানের শীষে চুমু দিয়ে শীতের কাঁথায় মুখ লুকিয়ে তান ধরেছি  
নিদ্রা বনে যাইবেনা তুমি।